১৮৮ ৩২

তারিখ 25 APR 1995
পৃষ্ঠা ১ কলাম ২

দৈনিক সংবাদ

# কুমিল্লা বোর্ড ঃ ভুলভাবে পূরণ করা ৫ হাজার উত্তরপত্র

।। নূরুন্নর রহমান ।।

কুমিল্লা, ২৪শে এপ্রিল।– কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষায় ভুলভাবে পূরণ করা প্রায় ৫ হাজার উত্তরপত্র বোর্ডে এসে

কুমিল্লা ঃ পৃঃ ১২ কঃ ৭

## কুমিল্লা ঃ ভুল উত্তরপত্র

(১ম পৃষ্ঠার পর)

পৌঁছেছে বোর্ড কর্তৃপক্ষ এসব উত্তরপত্র ঢাকায় কম্পিউটার সেন্টারে পাঠিয়ে দিচ্ছে।

উত্তরপত্রের শিরোনামপত্র (ওএমআর), যেখানে পরীক্ষার্থীর রোল নম্বরসহ অন্যান্য তথ্য থাকে তা ভুলভাবে পূরণ করায় এগুলো বোর্ডে পাঠানো হয়েছে। পরীক্ষা শুরু হওয়ার ৪ দিনের মধ্যে এই ৫ হাজার ভুল উত্তরপত্র বোর্ডে এসে পৌঁছে। যে হারে ভুল হচ্ছে তাতে আশংকা করা হচ্ছে, এই পরীক্ষায় ভুল উত্তরপত্র অতীতের অন্যান্য পরীক্ষার ভুল উত্তরপত্রের সংখ্যা ছাড়িয়ে যাবে